ইত্তেফাক

তারিখ ... ৫.১.৮৫ ...

066

125



## প্রবীণ আইনজীবী বি, সি পাণ্ডের পরলোকগমন

( সুপ্রীম কোর্ট রিপোর্ট)

সুপ্রীম কোর্টের প্রবীণ আইনজীবী মিঃ বিরেন্দ্র চন্দ্র পাণ্ডে গতকাল ( বুধবার ) বার্ধক্যজনিত কারণে পরলোকগমন করিয়াছেন। তিনি বি, সি, পাণ্ডে নামে সমধিক পরিচিত ছিলেন। তাঁহার বয়স হইয়াছিল ৭৮ বৎসর। গতকাল দুপুর দেড়টার দিকে তাঁহার মরদেহ সুপ্রীম কোর্ট প্রাঙ্গণে লইয়া যাওয়া হয়। সেখানে সুপ্রীম কোর্টের বিচারপতি, কর্মচারী ও আইনজীবিগণ তাঁহাদের শেষ শ্রদ্ধা জ্ঞাপন করেন। পোস্তগোলা শ্মশানঘাটে তাঁহার শেষকৃত্য অনুষ্ঠিত হয়। মিঃ বি, সি, পাণ্ডে ১৯০৫ সালে ঢাকায় জন্মগ্রহণ করেন। তিনি ১৯৫৫ সালে ঢাকা হাইকোর্টে এ্যাডভোকেট হিসাবে যোগদান করেন। ইহা ছাড়াও তিনি তোলারাম কলেজ, ধানমণ্ডি ল কলেজ, সোহরাওয়ার্দি কলেজে প্রভাষক ছিলেন। তিনি হিন্দু আইনের উপর একখানা গ্রন্থ রচনা করেন।

গত অর্ধশত বছর যাবৎ তিনি ঢাকার রামকৃষ্ণ মিশনের সহিত জড়িত ছিলেন। মৃত্যুকালে তিনি স্ত্রী, ছয় পুত্র ও এক কন্যা এবং বিপুল সংখ্যক গুণগ্রাহী রাখিয়া গিয়াছেন।